

## 💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১১৭, হায়েয পিরিয়ড-এর সর্বনিম্ন এবং সর্বোচ্চ সময়কাল কত দিন?

এ বিষয়ে আলেমগণের মধ্যে অনেক মতবিরোধ রয়েছে। এর মধ্যে ইমাম ইবনে তাইমিয়্যাহ (র) বলেছেন, যেহেতু হাদীসে এ বিষয়ে কোন সময় নির্ধারণ করেনি সেহেতু আমরাও এর কোন সময় নির্দিষ্ট করে নিতে পারি না। অভ্যাস হিসেবে যার যতদিন হায়েয চলমান থাকে তার জন্য ততদিনই হায়েয পিরিয়ড। অপর একদল আলেম বলেছেন, হায়েযের সর্বনিম্ন সময় হলো একদিন একরাত এবং সর্বোচ্চ পনেরো দিন । এ মতটিকে প্রাধান্য দিয়েছেন সৌদি আরবের শায়খ বিন বায (র)।

হানাফী ফকীহগণের মতে, হায়েযের সর্বনিম্ন সময় হলো তিন দিন এবং সর্বোচ্চ দশ দিন। অর্থাৎ কোন কোন মেয়ের তিন দিন, কারো বা পাঁচ দিন, কারো সাত দিন বা কারো দশ দিনও হায়েযের রক্তপ্রবাহ চলমান থাকতে পারে । সুতরাং হানাফী মতে, দশ দিনের পরও যদি কারো হায়েযের রক্ত নির্গত হতেই থাকে তাহলে একাদশ দিন থেকে এটাকে ইস্তিহাদা অর্থাৎ রক্তপ্রদর হিসেবে একটা রোগ বলে ধরে নেওয়া হবে । এমতাবস্থায় দশ দিন পার হলে ফর্য গোসল করে নামায় শুরু করে দেবে। আর রম্যান মাস হলে ফর্য রোযা রাখা শুরু হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12856

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন